দৈনিক ইত্তেফাক

DEC. 23 2001

# ভর্তি ঃ এবার এক স্কুলের খাতা অন্য স্কুলের শিক্ষক দেখবেন

রেজানুর রহমান ॥ এবার সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষার ক্ষেত্রে এক স্কুলের খাতা অন্য স্কুলের শিক্ষকরা দেখবেন। গতকাল শনিবার শিক্ষা অধিদপ্তরের এক যৌথ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ টি এম শরীফুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় নগরীর ২৪টি সরকারী স্কুলের প্রধান শিক্ষক, প্রিন্সিপাল অথবা প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষার প্রক্রিয়া নির্ধারণ ও লেখাপড়ার মান উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রতি বছরের মত

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ভর্তি

(শেষ পৃষ্ঠার পর)

এইবারও ২৪টি স্কুলকে ৩টি ভাগে বিভক্ত করে পৃথকভাবে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতি ভাগ অর্থাৎ ৮টি স্কুলের জন্য প্রশ্নপত্র হবে একই রকম। পরীক্ষার পর এক স্কুলের খাতা অন্য স্কুলের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ দেখবেন।

এদিকে গতকাল শনিবার নগরীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি ফরম সরবরাহের প্রথম দিনেই বিভিন্ন স্কুলে ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ ভীড় করেন। ৫ই জানুয়ারী পর্যন্ত প্রতিটি সরকারী স্কুলে ভর্তি ফরম সরবরাহ করা হবে। ৮, ১০ ও ১২ই জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৮ই জানুয়ারী 'এ' গ্রুপের আওতাভুক্ত ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'এ' গ্রুপভুক্ত স্কুলসমূহের নাম ঃ গভঃ ল্যাবরেটরী স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়। ১০ই জানুয়ারী 'বি' গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহ যথাক্রমে ঃ মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা মুসলিম গভঃ হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১২ই জানুয়ারী 'সি' গ্রুপভুক্ত ৮টি স্কুল যথাক্রমে ঃ ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।